দৈনিক ইত্তেফাক

MAR. 08 20

*ঢাবি'র ছাত্রলীগ নেতা জড়িত?*

# প্রেমিকার সঙ্গে অন্তরঙ্গ মুহূর্তের ছবি গোপনে ভিডিও

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের এক নেতা প্রেমিকার সাথে অন্তরঙ্গ মুহূর্তের দৃশ্য গোপনে ভিডিও করে বাজারে ছেড়েছে। এ ঘটনা নিয়ে

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## প্রেমিকার সঙ্গে

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘটনা তদন্তে এক সদস্যের কমিটি গঠন করেছেন। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী বলেছেন, পর্ণো ছবির ঘটনার সাথে ওই ছাত্রের সংশ্লিষ্টতা প্রমাণিত হলে কঠোর শাস্তি দেয়া হবে।

জানা যায়, গত বছরের কোন এক সময় ছাত্রলীগের বঙ্গবন্ধু হল শাখার যুগ্ম সম্পাদক রোকনুজ্জামান তার প্রেমিকা ইডেন কলেজের পড় য়া ছাত্রীকে নিয়ে নগরীর এক অভিজাত ফ্লাটে এ দৃশ্য ধারণ করে। রোকন সুকৌশলে ভিডিও করে। পরে রোকনের এক বন্ধুর মাধ্যমে তা বাজারজাত করা হয়। ওই সিডি'র নাম দেয়া হয় পাঞ্জাবি বাংলা। রোকন পাঞ্জাবি পরা ছিল বলে নাম দেয়া হয়েছে পাঞ্জাবি বাংলা। কোথাও কোথাও রোকন ডট কম হিসেবেও এ সিডি পরিচিত। সুমন পিন্টুর পর বর্তমানে রোকন ডট কম সিডি দোকানগুলোতে চাহিদা সর্বাধিক। ইতিপূর্বে রোকনকে পরীক্ষায় নকল করার অভিযোগে বিশ্ববিদ্যালয় থেকে দু'বছরের জন্য বহিষ্কার করা হয়েছে। বঙ্গবন্ধু হলের একদল ছাত্র কয়েকদিন আগে সিডি দেখে রোকনকে চিনে ফেলে। গত বছরের ১ অক্টোবর নির্বাচনের রাত্রে রোকন হল ত্যাগ করে। গত জানুয়ারীতে রোকন ক্যাম্পাসে আসলে ছাত্রদল কর্মীরা তাকে মারধরও করে। এরপর থেকে রোকন আর ক্যাম্পাসে আসে না। এ ঘটনা জানাজানি হয়ে গেলে রোকন গা-ঢাকা দেয়। ঘটনা তদন্তে প্রক্টর অধ্যাপক নজরুল ইসলামকে দায়িত্ব দেয়া হয়।